

নং ৩৩.০২.০০০০.১০২.০১.১০৩.৯৭-১১৬৬

তারিখঃ ১১/১২/২০১৬ খ্রি.

বিভাগীয় মামলা নং- ০৫/ ২০১৬ এর আদেশ

যেহেতু, জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, মৎস্যবীজ উৎপাদন খামার, পার্বতীপুর, দিনাজপুর (স্থায়ী ঠিকানাঃ গ্রাম মৌচুয়া, পোঃ কাজিপাড়া, উপজেলাঃ বিরল, জেলাঃ দিনাজপুর) পার্বতীপুর হ্যাচারীতে চলমান ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) এর আওতাধীন নির্মাণ ও সংস্কার কাজ তদারকির দায়িত্ব পালনে প্রথম থেকেই অসহযোগিতা এবং চরম অবজ্ঞা প্রদর্শন, নানা অজুহাতে কাজের গতি মন্থর করা, ঠিকাদার এবং মিস্ত্রিদের খুব রুঢ় ভাষায় বকাবকি করা এবং প্রকল্প পরিচালক ২১/০৪/১৬ খ্রি. তারিখ পার্বতীপুর মৎস্যবীজ উৎপাদন খামারে পুকুর পাড় সংরক্ষণ প্রাচীরের ঢালাই কাজে সঠিকভাবে বালি ফিলিং করে তাৎক্ষণিক ঠিকাদারকে দিয়ে ঢালাই কাজ করার নির্দেশনা প্রদান করলেও এ বিষয়ে তিনি অপারগতা প্রকাশ করেন এবং কর্মস্থল ত্যাগ করেন। ঐ দিন-ই প্রায় ৮০ ফুট ঢালাই কাজ সম্পন্ন করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক, ব্রুড ব্যাংক স্থাপনা প্রকল্প (৩য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা- এর ২৫/০৪/২০১৬ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.৯৪২.২৮.০০২.১৬-১৬৫ সংখ্যক পত্রের মাধ্যমে অভিযোগ আনয়ন করেন। সে প্রেক্ষিতে কর্মকর্তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৫/২০১৬ রুজু করা হয়;

এবং

যেহেতু, জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, মৎস্যবীজ উৎপাদন খামার, পার্বতীপুর, দিনাজপুর এর বর্তমান এবং স্থায়ী ঠিকানায় মৎস্য অধিদপ্তরের ০৯-০৫-২০১৬ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১০২.০১.১০৩.৯৭-৪২৫ সংখ্যক স্মারকমূলে অভিযোগ নামা ও ০৯-০৫-২০১৬ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১০২.০১.১০৩.৯৭-৪২৬ সংখ্যক স্মারক মূলে অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী বিগত ২৪/০৫/২০১৬ খ্রি. তারিখে তঁর লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে ০৮-০৮-২০১৬ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানীর দিন নির্ধারণ করা হয়। কিন্তু কর্মকর্তা নির্ধারিত সময়ে হাজির না হওয়ায় ব্যক্তিগত শুনানী স্থগিত করা হয় এবং কর্মকর্তাকে কারন দর্শানোর সিদ্ধান্ত গ্রহীত হয়।

এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীতে জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম হাজির না হওয়ায় কারণ দর্শানোর প্রেক্ষিতে কর্মকর্তা বাস বিকল হওয়ায় অনিচ্ছাকৃতভাবে বিলম্বে উপস্থিতির জন্য ক্ষমা প্রার্থনা করেন। ভবিষ্যতে এধরনের ঘটনা ঘটবে না বলে অঙ্গীকার করায় তঁর আবেদনের প্রেক্ষিতে ১৪-১১-২০১৬ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।


এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী ও মামলার অন্যান্য প্রাসঙ্গিক নথিপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়। তবে কর্মকর্তা ব্যক্তিগত শুনানীকালে অপ্ৰাসঙ্গিক বক্তব্য প্রদান করায় এবং তঁকে শুনানীগ্রহণ শেষে বিদায় জানালেও তিনি তার বক্তব্য প্রদানে সচেষ্ট থাকার বিষয়টি যুক্তিসঙ্গত বলে প্রতীয়মান হয়নি।

এবং

সেহেতু, জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী মৎস্যবীজ উৎপাদন খামার, পার্বতীপুর, দিনাজপুর (স্থায়ী ঠিকানাঃ গ্রাম মৌচুয়া, পোঃ কাজিপাড়া, উপজেলাঃ বিরল, জেলাঃ দিনাজপুর কে দাপ্তরিক নিয়মনীতি, আচার-আচরন সম্পর্কে আরও সচেতন হওয়ার জন্য সতর্ককরতঃ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


সৈয়দ আরিফ আজাদ
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)


ফোনঃ ০২-৯৫৬২৮৬১

ই-মেইল:dg@fisheries.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/পরিচালক (রিজার্ভ), / প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা,.....।
২. উপপরিচালক, প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/মৎস্যচাষ/ফিস্ট সার্ভিস/চিংড়ি/, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বিভাগ,।
৩. প্রকল্প পরিচালক/জাতীয় প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়কারী।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। এ আদেশটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ সহ।
৫. জেলা মৎস্য কর্মকর্তা,।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। বদলীর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,।
১১. খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, পার্বতীপুর, দিনাজপুর।
১২. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,।
১৩. জনাব।

মহাপরিচালকের পক্ষে


(কায়সার মুহাম্মদ মঈনুল হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন-১)
ফোন: ০২-৯৫৬৭২১৮

ই-মেইল: adadmin_1@fisheries.gov.bd